



গোলাম মোর্তোজা

সবচেয়ে সৌভাগ্যবান তারাই, যারা অংশ নিয়েছেন মুক্তিযুদ্ধে। অস্ত্র হাতে যুদ্ধ করেছেন রণাঙ্গনে। সেই সব বীরের গৌরবগাথার ফসল বাংলাদেশ। বাঙালির সবচেয়ে বড় অর্জন। যে অর্জনের কাহিনী অবিনশ্বর। যা কখনো বিলীন বা মুছে যাওয়ার নয়। বারবার ডাক দিয়ে যায় '৭১'।

আমরা আস্থান জানিয়েছিলাম, আপনারা সাড়া দিয়েছেন। দেশ-বিদেশের বিভিন্ন প্রান্ত থেকে আপনারা লিখেছেন '৭১-এর কথা, মুক্তিযুদ্ধের কথা।

যে যেভাবে দেখেছেন, উপলব্ধি করেছেন, লিখেছেন সেসব কথা।

আমরা এমনটাই চেয়েছিলাম। আপনার অনুভবে, চেতনায় সব সময় যা ছিল, সেটাকে আরো একটু চাঙা করে দিতে চেয়েছি আমরা। আপনার জানা ঘটনার অংশীদার হতে চেয়েছি আমরা সবাই। কারণ এই প্রিয় বাংলাদেশটা তো আমাদের সবারই!

'৭১-এর স্মৃতিময় ঘটনাগুলো পত্রিকার পাতায় নিয়ে আসার প্রক্রিয়াটি হঠাৎ করে আসেনি। ধারণাটা প্রয়াত মুক্তিযোদ্ধা আমাদের প্রিয় সম্পাদক শাহাদত চৌধুরীর। 'ভুলি নাই

'ভুলি নাই' নামে যার সূচনা করেছিলেন '৭৩ সালে, সাপ্তাহিক বিচিত্রায়। মুক্তিযুদ্ধের রক্তজয়ন্তী উপলক্ষে বিচিত্রায় আবারও উদ্যোগ নিয়েছিলাম ১৯৯৭ সালে। সেই 'ভুলি নাই ভুলি নাই' ধারাবাহিকতায় সাপ্তাহিক ২০০০-এর উদ্যোগ 'হৃদয়ে '৭১'।

শাহাদত চৌধুরী আজ নেই। তিনি চিরদিনের জন্যে সবকিছু ছেড়ে চলে গেছেন। আমাদের কাঁধে দিয়ে গেছেন অনেক বড় দায়িত্ব। আমরা সেই দায়িত্ব পালন করতে চাই আপনাদের সঙ্গে নিয়ে।

শাহাদত চৌধুরীদের স্বাধীন করা বাংলাদেশ এখন নরপশুদের ক্রীড়াক্ষেত্র। এই নরপশুরাই '৭১-এর রাজাকার। আজকের জঙ্গি। তাদের প্রতিহত করা এখন সময়ের দাবি। জাগিয়ে তুলতে হবে নতুন প্রজন্মকে, '৭১-এর চেতনায়।

এই সংখ্যায় শাহাদত চৌধুরীর একটি লেখা ছাপা হলো। লেখাটি 'ভুলি নাই ভুলি নাই' বইয়ের ভূমিকা। লেখাটি পড়লে ছাপার যৌক্তিকতার প্রমাণ পাওয়া যাবে।

লেখাটিতে উপন্যাসের উপকরণ আছে।

আবার বলা যায় কবিতাও... অথবা

এরচেয়ে
বড় কিছু...।
কতো অল্প
পরিসরে কতো বড়
ক্যানভাস!

'হৃদয়ে '৭১'-এ নির্বাচিত ২০টি লেখা প্রকাশিত হলো। তবে এখানেই শেষ নয়। যে লেখাগুলো ছাপা হলো না সেগুলোও ছাপা হবে। এখন থেকে সাপ্তাহিক ২০০০-এ নিয়মিত ছাপা হবে 'হৃদয়ে '৭১। এরপর প্রকাশিত হবে বই। আগামী বছর একুশের বইমেলায়। প্রকাশ করবে সময় প্রকাশন।

নতুন করে আমন্ত্রণ থাকলো তাদের প্রতি, যারা এখনো লেখেননি। আপনি '৭১-এর যোদ্ধা বা সহযোগী, অথবা দূর থেকে দেখেছেন মুক্তিযুদ্ধ-মুক্তিযোদ্ধাকে। যেভাবে আপনার হৃদয়ে আছে '৭১, লিখে ফেলুন সেভাবেই। পাঠিয়ে দিন এই ঠিকানায়।

হৃদয়ে '৭১
সাপ্তাহিক ২০০০
৯৬/৯৭ নিউ ইন্সটন, ঢাকা-১০০০
ফোন : ৯৩৫০৯৫১-৩
ই-মেইল : hriday71@yahoo.com